দৈনিক সংবাদ

তারিখ 21 OCT 1989
পৃষ্ঠা C কলাম 6

# চুয়াডাঙ্গার কলেজগুলোতে শিক্ষক উপকরণ ও আসবাবপত্রের অভাব

চুয়াডাঙ্গা, ১৮ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।— প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাব, শিক্ষা উপকরণসহ শ্রেণীকক্ষ ও আসবাবপত্রের সংকট, কলেজ পাঠাগারে বই-এর স্বল্পতা, বিজ্ঞান যন্ত্রপাতি ও ছাত্রাবাসের অভাবে চুয়াডাঙ্গা জেলার কলেজ শিক্ষা মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

চুয়াডাঙ্গা জেলার ৪টি উপজেলায় মোট ৬টি কলেজ রয়েছে। এর মধ্যে চুয়াডাঙ্গা সদরে ও দামুড়হুদা উপজেলার দর্শনাতে একটি করে সরকারী কলেজ আছে। চুয়াডাঙ্গা সরকারী কলেজ, দর্শনা সরকারী কলেজ, আলমডাঙ্গা কলেজ, পৌর কলেজ, আদর্শ মহিলা কলেজে ডিগ্রী পড়ান হয়। বাকী জীবননগর কলেজটি উচ্চ মাধ্যমিক কলেজ হিসেবে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত। স্নাতক পড়ানো হলেও চুয়াডাঙ্গা সরকারী কলেজ ও দর্শনা সরকারী কলেজ এবং আলমডাঙ্গা কলেজে উন্নত বিজ্ঞান শিক্ষার সুযোগ নেই। চুয়াডাঙ্গা পৌর কলেজে স্নাতক শ্রেণীতে পড়ানো হলেও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নেই। চুয়াডাঙ্গা পৌর কলেজ ও মহিলা কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে বিজ্ঞান শিক্ষা দেয়া হলেও পর্যাপ্ত সুযোগ সুবিধা নেই বললেই চলে। জীবননগর কলেজে অর্থাভাবে স্নাতক কোর্স খোলা সম্ভব হয়নি।

চুয়াডাঙ্গা জেলা সদরে অবস্থিত পৌরবাসীর করের অর্থ সাহায্যে পরিচালিত চুয়াডাঙ্গা পৌর কলেজটিতে চরম অর্থ সংকট রয়েছে। এই কলেজে ছাত্রাবাস নেই, অধ্যক্ষের পৃথক কক্ষ নেই। লাইব্রেরী থাকলেও বই-এর তীব্র অভাব রয়েছে। ছাত্র-ছাত্রীদের জন্য কমনরুম নেই, বিজ্ঞান গবেষণাগার নেই, আসবাবপত্রের রয়েছে সংকট। শ্রেণী কক্ষের অভাব অত্যন্ত প্রকট হলেও নির্মাণাধীন দু'টি কক্ষ ১৯৮৩ সালের পর থেকে পড়ে রয়েছে। এই কলেজের বিজ্ঞান বিভাগ উন্নয়নের জন্য সম্প্রতি প্রায় ১২ লাখ টাকা অনুদান পেলেও বিজ্ঞান গবেষণাগার নির্মাণ প্রকল্পের প্ল্যান সংশ্লিষ্ট বিভাগ হতে অনুমোদন না হওয়ায় কাজ শুরু করা সম্ভব হয়নি। এ ছাড়া সরকারী কলেজ হিসেবে স্বীকৃতি প্রদানের জন্য এলাকাবাসীর দাবী থাকলেও আজ পর্যন্ত তা বাস্তবায়ন হয়নি।

চুয়াডাঙ্গা মহিলা কলেজের অবস্থাও অত্যন্ত করুণ। এই কলেজেও আসবাবপত্র, শ্রেণী কক্ষ, কমনরুম, বিজ্ঞান গবেষণাগার, পাঠাগারের আধুনিক সুযোগ সুবিধার অভাব রয়েছে। কলেজে ছাত্রীসংখ্যা আশংকাজনকভাবে কমেছে। কলেজের শিক্ষকগণ নিয়মিত বেতন পান না বলে বহিরাগত যোগ্য শিক্ষকদের রাখা অসম্ভব হয়ে পড়েছে। কলেজটি সরকারীকরণের দাবীও আজ পর্যন্ত বাস্তবায়ন হয়নি।

চুয়াডাঙ্গা জেলা শহরের একমাত্র সরকারী কলেজ চুয়াডাঙ্গা সরকারী কলেজে রয়েছে তীব্র শিক্ষক সংকট। কলেজে ছাত্রাবাস নেই বললেই চলে। অধ্যক্ষের বাসা নেই। টিউটরিয়াল পরীক্ষার ব্যবস্থা নেই। পাঠাগারে পর্যাপ্ত বই নেই।